

## মহান মুক্তিযুদ্ধের স্মৃতি বিজরিত টেকেরঘাটের সংক্ষিপ্ত পরিচিতি

মেঘালয় পাহাড়ের পাদদেশে মহান মুক্তিযুদ্ধের স্মৃতি বিজরিত একটি স্থান টেকেরঘাট। যে স্থানটি সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলায় অবস্থিত। টেকেরঘাট মহান মুক্তিযুদ্ধের সময় ০৫ নং সেক্টরের ০৫ নং সাব সেক্টর ছিল। ০৫ নং সেক্টরের সেক্টর প্রধান ছিলেন মেজর মীর শওকত এবং সাব সেক্টর প্রধান ছিলেন মেজর মুসলেম উদ্দিন। বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ মুক্তিযুদ্ধের সংগঠক হিসেবে এখানে সরাসরি অংশগ্রহণ করেন। মহান মুক্তিযুদ্ধের সময় এখানে প্রথম শাহাদাং বরন করেন বীর প্রতিক শহীদ সিরাজুল ইসলাম এর সমাধি রয়েছে। নাম না জানা অনেক মুক্তিযোদ্ধাকে এখানে সমাহিত করা হয়েছে। এখানে শহীদের স্মৃতি রক্ষার জন্য নির্মান করা হয়েছে স্মৃতিসৌধ। টেকেরঘাট মহান মুক্তিযুদ্ধের অন্যতম শক্ত ঘাটি হিসেবে বিবেচিত। প্রতিদিন অনেক পর্যটক শহীদদের স্মৃতির প্রতি সম্মান জানাতে এখানে ভীর করে।

মোঃ শাকিল আহমেদ  
সহকারী কমিশনার  
জেলা প্রশাসকের কার্যালয়  
সুনামগঞ্জ